Vivekananda College

269, Diamond Harbour Road, Thakurpukur,

Kolkata - 700063


# Study Material


Manabendu Sarkar

Assistant Professor, Department of Sanskrit



© Vivekananda College, Thakurpukur, 2018

# Sanskrit

(3rd Year, Honours)

## সংজ্ঞানসূক্ত (১০/১৯১)

সংবনন ঋষি । অগ্নিদেবতা ১নং মন্ত্র, সংজ্ঞানদেবতা ২-৪ নং মন্ত্র । অনুষ্টুপ্ ছন্দ ১, ২ ও ৪ নং মন্ত্র, ত্রিষ্টুপ্ ছন্দ ৩ নং মন্ত্র ।

### ।। ১।।

**সংহিতাপাঠ**

संस॒मिद्यु॑वसे वृष॒न्नग्ने॒ विश्वा॑न्य॒र्य आ ।

इ॒ळस्प॒दे समि॑ध्यसे॒ स नो॒ वसू॒न्या भ॑र ॥

**পদপাঠ**

सम्ऽस॑म् । इत् । यु॒व॒से॒ । वृ॒ष॒न् । अग्ने॑ । विश्वा॑नि । अ॒र्यः । आ ।

इ॒ळः । प॒दे । सम् । इ॒ध्य॒से॒ । सः । नः॒ । वसू॑नि । आ । भ॒र॒ ॥

অর্থ- (হে) বৃষন্ (কাম্য বস্তুসমূহের দাতা) অগ্নে (অগ্নি দেবতা) অর্যঃ (ঈশ্বর) [এরূপ আপনি] বিশ্বানি (সমস্ত ভূতজাতকে) সংসম্ (পাদপূরণার্থক শব্দ) ইত্ (অবধারণার্থক শব্দ) আ (চারিদিক থেকে) সম্ যুবসে (মিশ্রিত কর) [অর্থাৎ দেবতাদের মধ্যে তুমিই কেবলমাত্র বৈশ্বানর রূপে সমগ্র ভূতজাতকে ব্যাপ্ত করে অবস্থান কর।] [তুমি] ইলঃ (ঈড়ার বা পৃথিবীর) পদে (উপরে অর্থাৎ উত্তরবেদিতে) সম্ ইধ্যসে (ঋত্বিকদের দ্বারা প্রদীপ্ত হও) স (এরূপ গুণবিশিষ্ট আপনি) নঃ (আমাদের) বসূনি (ধনসমূহ) আ ভর (আহরণ কর)।

অনুবাদ- হে অগ্নি! তুমি প্রভু, হে অভিলষিত ফলদাতা। তুমি সকল প্রাণীর সাথে বিশেষরূপে মিশ্রিত আছ। তুমি যজ্ঞবেদিতে জ্বলছ। আমাদের ধন দান কর।

**English Translation:** O Agni, the fulfiller of desires, as a master (you) unite all on all sides. (You) are kindled at the place of earth. You bring riches for us.

**সায়ণভাষ্য**-হে বৃষন্ কামানাং বর্ষিতঃ অগ্নে অর্যঃ ঈশ্বরস্ত্বম্। 'অর্যঃ স্বামিবৈশ্যয়োঃ (পা. সূ. ৩.১.১০৩) ইতি যৎপ্রত্যয়ান্তো নিপাতিতঃ। 'অর্যঃ স্বাভ্যাখ্যায়াম্' (ফি.সূ. ১.১৮) ইত্যন্তোদাত্তত্বম্। স ত্বং বিশ্বানি সর্বাণি ভূতজাতানি সংসম্। 'প্রসমুপোদঃ পাদপূরণে' (পা. সূ. ৮.১.৬) ইতি সমো দ্বির্বচনম্। ইচ্ছন্দোঽবধারণে। আ সমন্তাৎ সং যুবসে মিশ্রয়সি। দেবেষু মধ্যে ত্বমেব সর্বাণি ভূতজাতানি বৈশ্বানরাত্মনা ব্যাপ্নোষি। নান্য ইত্যর্থঃ।

কিংচ ইলঃ ইড়ায়াঃ পৃথিব্যাঃ পদে স্থান উত্তরবেদিলক্ষণে। 'এতদ্বা ইলায়াস্পদং যদুত্তরবেদীনাভিঃ' (ঐ. ব্রা. ১.২৮) ইতি ব্রাহ্মণম্। তত্র ত্বং সমিধ্যসে ঋত্বিগ্ভি সংদীপ্যসে। সঃ তাদৃশস্ত্বং নঃ অস্মাকম্ বসূনি ধনানি আ ভর আহর।

পদব্যাখ্যা

অর্যঃ- নিঘণ্টু গ্রন্থে ঈশ্বরবাচী শব্দরূপে পঠিত হয়েছে। 'অর্যঃ স্বামিবৈশ্যয়ো' (পা. ৩.১.১০৩) সূত্রে যত্ প্রত্যয়। 'অর্যঃ স্বাম্যাখ্যায়াম্' (ফি. সূ. ১.১৮) অনুসারে অন্তোদাত্ত হয়েছে।

সংসমিদ্যুবসে = সম্ + সম্ + ইত্ + যুবসে। মন্ত্রে সম্ এই উপসর্গটি দুইবার উক্ত হয়েছে। প্রথমটি পাদ পূরণার্থক। পা. সূ. – প্র 'সমুপোদঃ পাদপূরণে' । ইত্ শব্দ অবধারণার্থক নিপাত যুবসে - √যু (আত্মনেপদ) + লট্ মধ্যমপুরুষ একবচন।

ইলস্পদে = (বেদিস্থানে) ঈড়্-শব্দের ষষ্ঠীর একবচনে ইড়ঃ, তস্য পদম্ ৭ মী একবচন। ষষ্ঠ্যাঃ পতিপুত্রপৃষ্ঠ... পদপয়োস্পদে এই পা. সূ- আনুসারে ষষ্ঠ্যন্ত ইড়্-শব্দের বিসর্গস্থানে স আগম। ইলস্পদে শব্দও বাংলাতে চলবে।

সমিধ্যসে = সম্- √ইধ্ (আত্মনেপদ) + লট্ মধ্যমপুরুষ একবচন।

আভর = আ - √ভৃ + লোট্ মধ্যমপুরুষ একবচন ।

আ ভর- উপসর্গ উদাত্ত হওয়ায় পদপাঠে স্বতন্ত্র পদরূপে গণ্য হয়েছে। 'হৃগ্রহো'- অনুসারে এখানে হকারের স্থানে ভকার হয়েছে।

**।। ২।।**

**সংহিতাপাঠ**

सं ग॑च्छध्व॒ं सं व॑दध्व॒ं सं वो॒ मना॑ंसि जानतां ।

दे॒वा भा॒गं यथा॒ पूर्वे॑ संजाना॒ना उ॒पास॑ते ॥

**পদপাঠ**

सम् । ग॒च्छ॒ध्व॒म् । सम् । व॒द॒ध्व॒म् । सम् । वः॒ । मना॑ंसि । जा॒न॒ता॒म् ।

दे॒वाः । भा॒गम् । यथा॑ । पूर्वे॑ । स॒म्ऽजा॒ना॒नाः । उ॒प॒ऽआस॑ते ॥

অর্থ- [হে স্তোতাগণ! আপনারা] সং গচ্ছধ্বম্ (সম্মিলিত হোন) সং বদধ্বং(পরস্পর বিরোধ পরিত্যাগ করে একসঙ্গে বলুন) বঃ (আপনাদের) মনাংসি (মন সমূহ) সং জানতাম্ (একই বিষয়কে যেন চিন্তা করে)। যথা

(যেভাবে) পূর্বে (পুরাতন) দেবাঃ (দেবগণ) সংজানানাঃ (ঐকমত্য প্রাপ্ত হয়েছিলেন) [এবং হবির্ভাগ] উপাসতে (স্বীকার করেছিলেন) [এই ভাবেই আপনারাও বিরোধ পরিত্যাগ করে ধনস্পদ স্বীকার করুন – এটাই তাৎপর্য্য।]

অনুবাদ- হে স্তব কর্তাগণ! তোমরা মিলিত হও, একত্রে স্তব উচ্চারণ কর, তোমাদের মন পরস্পর একমত হোক। অধুনাতন দেবতাগণ প্রাচীন দেবতাদের ন্যায় একমত হয়ে যজ্ঞভাগ গ্রহন করেছেন।

**English Translation:** Go together, speak together, let your minds be of one accord; as the ancient gods with one accord accept their sacrificial share.

**সায়ণভাষ্য**- হে স্তোতারঃ যূয়ং সং গচ্ছধ্বম্। সংগতাঃ সংভূতা ভবত। 'সমো গম্যৃচ্ছি' ইত্যাদিনা গমেরাত্মনেপদম্। তথা সং বদধ্বং সহ বদত। পরস্পরং বিরোধং পারিত্যজ্যৈকবিধমেব বাক্যং ব্রূতেতি যাবত্। 'ব্যক্তবাচাং সমুচ্চারণে (পা.সূ. ১.৩.৪৮) ইতি বদেরাত্মনেপদম্। বঃ যুষ্মাকং মনাংসি সং জানতাম্। সমানমেকরূপমেবারর্থমবগচ্ছন্তু। 'সংপ্রতিভ্যামনাধ্যানে' (পা. সূ. ১.৩.৪৬) ইতি জানাতেরাত্মনেপদম্। যথা পূর্বে পুরাতনাঃ দেবাঃ সংজানানাঃ ঐকমত্যং প্রাপ্তা হবির্ভাগম্ উপাসতে যথাস্বং স্বীকুর্বন্তি তথা যূয়মপি বৈমত্যং পরিত্যজ্য ধনং স্বীকুরুতেতি শেষঃ।

পদব্যাখ্যা

সংগচ্ছদধ্বম্ – সম্-√গম্ (আত্মনেপদ) + লোট্ মধ্যমপুরুষ একবচন। 'সমো গম্যৃচ্ছি...' ইত্যাদি সূত্রানুসারে

একত্রিত হওয়ায় অর্থে সম্-পূর্বক গম্-ধাতু আত্মনেপদী।

সংবদধ্বম্ – সম্ √বদ্ (আত্মনেপদ) + লোট্ মধ্যমপুরুষ বহুবচন। "ব্যক্তবাচাং সমুচ্চারণে" এই পা. সূ. অনুসারে বদ্ ধাতু আত্মনেপদী।

সংজানতাম্ = সম্-√জ্ঞা (আত্মনেপদ) + লোট্ ১ম পুরুষ বহুবচন। "সংপ্রতিভ্যামনাধ্যানে" এই পা. সূ. অনুসারে জ্ঞা ধাতু আতমনেপদী।

সংজানানাঃ = (ঐক্যমত্য) সম্-√জ্ঞা (আত্মনেপদ) + শানচ্ ১ম পুরুষ বহুবচন।

উপাসতে = উপ্-√আস্ + লট্ ১ম পুরুষ বহুবচন।

**।। ৩।।**

**সংহিতা পাঠ**

स॒मा॒नो मंत्र॒: समि॑तिः समा॒नी स॑मा॒नं मन॑: स॒ह चि॒त्तमे॑षां ।

स॒मा॒नं मंत्र॑म॒भि मं॑त्रये वः समा॒नेन॑ वो ह॒विषा॑ जु॒होमि ॥

**পদপাঠ**

स॒मा॒नः । मन्त्रः॑ । सम्ऽइ॑तिः । स॒मा॒नी । स॒मा॒नम् । मनः॑ । स॒ह । चि॒त्तम् । ए॒षा॒म् ।

स॒मा॒नम् । मन्त्र॑म् । अ॒भि । म॒न्त्र॒ये॒ । वः॒ । स॒मा॒नेन॑ । वः॒ । ह॒विषा॑ । जु॒हो॒मि॒ ॥

অর্থ- [এই মন্ত্রের পূর্বার্ধ পরোক্ষকৃত এবং উত্তরার্ধ প্রত্যক্ষকৃত] এষাম্ (একই কর্মে এক সঙ্গে প্রবৃত্ত স্তোতাদের) মন্ত্রঃ (স্তুতি) সমানঃ (একই রূপ হোক) সমিতিঃ (প্রাপ্তি) সমানী (এক প্রকার হোক) মনঃ (মন) সমানম্ (একই প্রকার) [হোক] চিত্তং (বিচারের দ্বারা প্রাপ্ত জ্ঞান) সহ (সহিত অর্থাৎ পরস্পর একই কাজের জন্য একীভূত) [হোক]। [আমি] বঃ ( তোমাদের) সমানম্ (একই প্রকার) মন্ত্রম্ (মন্ত্র) আভি মন্ত্রয়ে (অভিমন্ত্রিত করছি)। বঃ (তোমাদের) সমানেন (সর্বসাধারণ) হবিষা (চরু পুরডাশ ইত্যাদির দ্বারা) [আমি] জুহোমি (হোম করছি)।

অনুবাদ- এ সকল পুরোহিতদের মন্ত্রোচ্চারণ এক প্রকার হোক, এঁর সঙ্গে সমাগত হোন, এঁদের মন, চিত্ত, সকলি এক প্রকার হোক। হে পুরোহিতগণ! আমি তোমাদের একই মন্ত্রে মন্ত্রিত করছি, তোমাদের সর্বসাধারণ হবি দ্বারা হোম করছি।

**English Translation:** Let their praise be the same, their assembly be the same, their mind be the same, their heart be united. I address your same hymn, I offer with your same oblation.

**সায়ণভাষ্য**- পূর্বোঽর্ধর্চঃ পরোক্ষকৃতঃ উত্তরঃ প্রত্যক্ষকৃতঃ। এষাম্ একস্মিন্ কর্মণি সহ প্রবৃত্তানামৃত্বিজাং স্তোতৃণাং বা মন্ত্রঃ স্তুতিঃ শস্ত্রাদ্যাত্মকা গুপ্তভাষণং বা সমানঃ একবিধোঽস্ত। তথা সমিতিঃ প্রাপ্তিরপি সমানী একরূপাস্ত। 'কেবলমামক' ইত্যাদিনা সমানশব্দাত্ ঙীপ্। উদাত্তনিবৃত্তিস্বরেণ ঙীপ্ উদাত্তত্বম্। তথা মনঃ মননসাধনমন্তঃকরণং চৈষাং সমানম্ একবিধমপ্যস্তু। চিত্তং বিচারজং জ্ঞানং তথা সহ সহিতং পরস্পরস্যৈকার্থৈনৈকীভূতমস্ত। অহং চ বঃ যুষ্মাকং সমানম্ একংবিধম্ মন্ত্রম্ অভি মন্ত্রয়ে। ঐকবিধ্যায় সংস্করোমি। তথা বঃ যুষ্মাকং স্বভূতেন সমানেন সাধারণেন হবিষা চরুপুরোডাশাদিনা অহং জুহোমি। 'তৃতীয়া চ হোশ্ছন্দসি' (পা.সূ. ২।৩।৩) ইতি কর্মণি কারকে তৃতীয়া। বষট্-কারেণ হবিঃ প্রক্ষেপয়ামীত্যর্থঃ।

পদব্যাখ্যা

সমিতিঃ = সম্-√ই + ক্তিন্ সায়ণমতে 'প্রাপ্তিঃ'। গ্রিফিথের মতে 'assembly'।

অভিমন্ত্রয়ে = অভি -√মন্ত্র (আত্মনেপদ) + লোট্ উত্তমপুরুষ ১বচন।

জুহোমি = √হু + লট্ উত্তমপুরুষ ১ বচন।

এই ঋক্-টিতে মনঃ ও চিত্ত এই দু'টি পদই ব্যবহৃত হয়েছে। সাধারণত মন ও চিত্ত লৌকিকদৃষ্টিতে সমার্থক হলেও ভাষ্যকার সায়ণ দুটি শব্দের পৃথক নির্দেশ করেছেন। তাঁর মতে মন হল মনসাধন অন্তঃকরণ অর্থাৎ অন্তরিন্দ্রিয় (তথা মনঃ মন সাধনমন্ত করণম্) অন্যদিকে চিত্ত শব্দের অর্থ সায়ণ করেছেন- বিচারশীল জ্ঞানেন্দ্রিয় (চিত্তং বিচারণং জ্ঞানম্) অর্থবসংহিতার সাংমনস্য সূক্তে 'এই অর্থ সায়ণ পুনরায় উল্লেখ করেছেন। আয়ুর্বেদশাস্ত্রেও চিত্ত ও মনের সূক্ষ্ম পার্থক্য-রেখা করা হয়েছে।

সহজকথায়- মনস্ (mind), চিত্ত = জ্ঞানাত্মক অন্তঃকরণ (heart)।

হবিষা- 'তৃতীয়া চ হোশ্ছন্দসি (পা। ২.৩.৩) অনুসারে কর্মে ৩য়া।

সমাণী- সমান+ ঙীপ্।

॥ ৪॥

**সংহিতা পাঠ**

सुमानी व आकूतिः समाना हृदयानि वः ।

सुमानमस्तु वो मनो यथा वः सुसहासति ॥

**পদপাঠ**

सुमानी । वः । आऽकूतिः । सुमाना । हृदयानि । वः ।

सुमानम् । अस्तु । वः । मनः । यथा । वः । सुऽसह । असति ॥

অর্থ- [হে ঋত্বিক্ ও যজমানগণ!] বঃ (তোমাদের) আকূতিঃ (সংকল্প অধ্যবসায় ইত্যাদি) সমানী (একপ্রকার হোক)। বঃ (তোমাদের) মনঃ ( অন্তঃকরণ) [প্রত্যেকের মনকে একটি পদার্থ ধরেই মন শব্দকে এক বচনে প্রয়োগ করা হয়েছে।] সমানমস্তু (সমান হোক)। যথা (যেন) বঃ (তোমাদের) সুসহ (শোভন সাহিত্য বা সুন্দর একতা) অসতি (হয়)।

অনুবাদ- (হে ঋত্বিক্ ও যজমানগণ)! তোমাদের অভিপ্রায় এক হোক, অন্তঃকরণ এক হোক, তোমরা যেন সর্বাংশে সম্পূর্ণরূপে একমত হও।

**English Translation:** Be your intention the same, your hearts the same, be your mind the same, that it may be a good-company for you.

**সায়ণভাষ্য**- হে ঋত্বিগ্যজমানাঃ বঃ যুষ্মাকম্ আকূতিঃ সংকল্পোঽধ্যবসায়ঃ সমানী একবিধোঽস্তু । তথা বঃ যুষ্মাকং হৃদয়ানি সমানা সমানান্যেকবিধানি সন্তু। তথা বঃ যুষ্মাকং মনঃ অন্তঃকরণম্ প্রত্যেকাপেক্ষয়ৈকবচনম্। তদপি সমানমস্তু । যথা বঃ যুষ্মাকং সুসহ শোভনং সাহিত্যম্ অসতি ভবতি তথা সমানমস্তিত্যন্বয়ঃ। অস্তের্লটি 'বহুলং ছন্দসি' ইতি শপো লুগভাবঃ।

পদব্যাখ্যা

আকূতি = আ-√কূ + ক্তিন্ (= সংকল্প)।

সমানা= সমানানি। হৃদয়ানি শব্দের বিশেষণ, বৈদিক ব্যত্যয়ে বিভক্তিলোপ। ( সূত্র...‘শেশ্ছন্দসি বহুলম্’–ইতি বিকল্পে শি- এর লোপ)।

সুসহ = সু (শোভনম্) সহ (সাহিত্যম্, মিলনমিতি) অর্থাৎ শোভনসঙ্গ।

অসতি - √অস্ + লট্ ১ম পুরুষ একবচন। হওয়ার কথা অস্তি। কিন্তু হয়েছে অসতি। ‘বহুলংছন্দসি’ ইত্যনুসারতঃ শপ্ এর লোপাভাবহেতু ‘অসতি’।

***

- উদয়চন্দ্র বন্দ্যোপাধ্যায় কৃত অর্থ ও বঙ্গানুবাদ এবং ডঃ ভবানীপ্রসাদ ভট্টাচার্য ও ডঃ তারকনাথ অধিকারী কৃত পদব্যাখ্যা ও English Translations.